

**AKASHVANI(AIR)  
RNU:KOLKATA  
BengaliText Bulletin**

**Date 29-12-2025**

**Time: 7.50 P.M.**

**বিশেষ বিশেষ খবর -**

- ১) সাংগঠনিক বৈঠকে যোগ দিতে বিজেপি নেতা কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ পশ্চিমবঙ্গে পৌঁছেছেন।
- ২) ভোটার তালিকার এসআইআর-এর শুনানি পর্বে বয়স্ক ও অসুস্থ ভোটারদের কেন্দ্রে হাজির হতে বাধ্য করা যাবে না বলে নির্বাচন কমিশন জানিয়েছে।

নির্বাচন কমিশনের একটি দল, SIR সংগ্রান্ত কাজকর্ম খতিয়ে দেখতে আগামীকাল রাজ্যে আসছে।

শুনানি কেন্দ্রে ত্রুটি কংগ্রেসের বিএলএ-দের প্রবেশের দাবিতে বিভিন্ন স্থানে বিক্ষোভ। শাসকদলের সমালোচনায় বিজেপি। কেন্দ্রগুলিতে কেন্দ্রীয় বাহিনী মোতায়েনের দাবি জানালেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী।

- ৩) নিউটাউনে দুর্গাঞ্জনের শিলান্যাস করলেন মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি। শেষ মুহূর্তে প্রস্তাবিত নির্মাণের স্থান পরিবর্তন আসলে তোষণ নীতির জের - অভিযোগ বিজেপির।
- ৪) অলচিকি লিপিতে অনুবাদ ও কৃত্রিম মেধা প্রয়োগের আহ্বান জানালেন রাষ্ট্রপতি দ্বৌপদী মুর্মু। ঝাড়খনের জামশেদপুরে অলচিকি লিপির শতবর্ষ উদযাপন সমারোহে আজ অংশ নেন তিনি।

৫) জোন বদলে স্কুল সার্ভিস কমিশনের পরীক্ষার ইন্টারভিউ নেওয়ার সিঙ্গল বেঞ্চের নির্দেশের ওপর অন্তর্বর্তী স্থগিতাদেশ দিয়েছে কলকাতা হাইকোর্টের অবকাশকালীন ডিভিশন বেঞ্চ।

৫) রাজকোটে আজ বিজয় হাজারে ট্রফি ক্রিকেট ম্যাচে বাংলা ৬ উইকেটে চড়ীগড়কে হারিয়ে দিয়েছে।

---

সাংগঠনিক বৈঠক সহ একগুচ্ছ কর্মসূচিতে যোগ দিতে আজ রাজ্যে এসে পৌঁছেছেন অন্যতম শীর্ষ বিজেপি নেতা তথা কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ। দমদম বিমানবন্দরে তাঁকে স্বাগত জানান বিজেপির রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য এবং বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। আগামীকাল এবং বুধবার রাজ্য বিজেপির পদাধিকারীদের সঙ্গে একাধিক বৈঠক করবেন তিনি। ভোটমুখী পশ্চিমবঙ্গে দলীয় রণকৌশল নিয়ে আলোচনা হবে বলে মনে করা হচ্ছে। মঙ্গলবার বিধাননগরে একটি সাংগঠনিক বৈঠক করার কথা রয়েছে তাঁর।

---

এসআইআর-এর শুনানি পর্বে তথ্য যাচাইয়ের জন্য বয়স্ক ও অসুস্থ ভোটারদের কেন্দ্রে হাজির হতে বাধ্য করা যাবে না বলে নির্বাচন কমিশন জানিয়েছে। কমিশনের তরফে জারি করা এক নির্দেশিকায় বলা হয়েছে, ৮৫ বছর বা তার বেশি বয়সী ভোটার, গুরুতর অসুস্থ ব্যক্তি এবং বিশেষভাবে সংক্ষমদের ক্ষেত্রে মানবিক দৃষ্টিভঙ্গি গ্রহণ করতে হবে। এই শ্রেণির ভোটাররা নিজেরা বা তাঁদের হয়ে কেউ অনুরোধ জানালে তাঁদের শুনানির জন্য ডাকা যাবে না। ইতিমধ্যেই যদি কোনও নোটিস জারি হয়ে থাকে,

সেক্ষেত্রে সংশ্লিষ্ট ভোটারের সঙ্গে ফোনে যোগাযোগ করে শুনানিতে না আসার অনুরোধ জানানো যেতে পারে। যাচাই প্রক্রিয়া প্রয়োজনে তাঁদের নিজ বাসভবনেই সম্পন্ন করা হবে।

---

ভোটার তালিকার বিশেষ নিবিড় সংশোধনী - SIR প্রক্রিয়ার শুনানি পর্বের অগ্রগতি ও আগামী বছরের বিধানসভা ভোটের প্রস্তুতি খতিয়ে দেখতে নির্বাচন কমিশনের প্রতিনিধি দল আগামীকাল রাজ্যে আসছে। দলে রয়েছেন সিনিয়র ডেপুটি ইলেকশন কমিশনার জগনেশ ভারতী, প্রিসিপাল সেক্রেটারি S B জোশী, আন্ডার সেক্রেটারি অভিনব আগরওয়াল। কলকাতায় পৌঁছে প্রতিনিধি দলের সদস্যরা দুপুরে কলকাতা উত্তর ও দক্ষিণ, দুই ২৪ পরগণার জেলা নির্বাচনী আধিকারিকদের নিয়ে বৈঠকে বসবেন। বহুতল আবাসনগুলিতে পৃথক ভোটকক্ষ তৈরি করা নিয়েও বৈঠকে আলোচনা হতে পারে। শুনানি পর্ব নিয়ে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল-এর সঙ্গেও বৈঠকের কথা রয়েছে তাদের।

---

ভোটার তালিকার বিশেষ নিবিড় সংশোধনী প্রক্রিয়ার শুনানি পর্বের তৃতীয় দিনে আজ রাজ্যের একাধিক শুনানি কেন্দ্রে তৃণমূল কংগ্রেসের বিএলএ-দের প্রবেশের দাবিতে বিক্ষেপের ঘটনায় শুরু হয়েছে রাজনৈতিক চাপান উত্তোর।

দক্ষিণ ২৪ পরগনার মগরাহাট ১ রুকের শিরাকোল যুধিষ্ঠির ননিলাল হাইক্সুলে শুনানি কেন্দ্রে নির্বাচন কমিশন নিযুক্ত পর্যবেক্ষক সি.মুরুগানকে ঘিরে বিক্ষেপের ঘটনায় এসআইআর প্রক্রিয়ার শুনানি পর্ব ব্যাহত হয়। বিএলএদের শুনানি কেন্দ্রে

চুক্তে দেওয়ার দাবিতে তৃণমূল কংগ্রেস নেতা কর্মীরাই বিক্ষেপ দেখায় বলে অভিযোগ।  
পরিস্থিতি সামাল দিতে ঘটনাস্থলে পৌঁছন প্রশাসনিক আধিকারিকরা।

এদিকে, পূর্ব বর্ধমানের ভাতারে বিএলএ ২ দের শুনানি কক্ষে ঢোকার দাবিতে  
বিক্ষেপ দেখায় শাসকদলের সদস্যরা। শুনানির কাজে নিযুক্ত আধিকারিকরা জানান  
বিএলএদের প্রবেশ নিয়ে কোনো লিখিত নির্দেশ তাদের কাছে নেই। পরে বিডিও  
অফিসের সামনেও বিক্ষেপ দেখান তারা।

বর্ধমানে জেলাশাসক ভবনেও শুনানি কেন্দ্রে ঢোকার অনুমতি না পেয়ে তৃণমূল  
কংগ্রেস কর্মীদের বিক্ষেপকে কেন্দ্র করে সাময়িক উত্তেজনা ছড়ায়।

অন্যদিকে, হুগলীর চুঁচুড়ার ব্লক অফিসে শুনানি কেন্দ্রে তৃণমূল কংগ্রেস বিধায়ক  
অসিত মজুমদার একই দাবিতে অবস্থান বিক্ষেপে সামিল হন। দলের এজেন্টদের  
উপস্থিতিতে শুনানির দাবিতে অনড় থাকেন তিনি। এর জেরে বেশ কিছুক্ষণ শুনানি  
প্রক্রিয়া বন্ধ থাকে। ভোটকর্মী ও বিএলও এক্যমন্ত্বের সাধারণ সম্পাদক স্বপন মন্ডল এই  
ঘটনার তীব্র নিন্দা করেছেন। অসিত মজুমদারকে গ্রেপ্তারের দাবি জানিয়েছেন তিনি।

### বাইট স্বপন মন্ডল

বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীও শাসকদলের সমালোচনায় সরব হয়েছেন।  
যেসমস্ত শুনানি কেন্দ্রে অশান্তি হয়েছে, সেখানে কেন্দ্রীয় বাহিনী মোতায়েনের দাবি  
জানিয়েছেন তিনি।

### বাইট শুভেন্দু অধিকারী

---

রাজ্য এসআইআর-এর শুনানি প্রক্রিয়া বন্ধ করার অপচেষ্টা চালানো হচ্ছে বলে  
বিজেপি অভিযোগ করেছে। কলকাতায় আজ এক সাংবাদিক বৈঠকে দলের রাজ্য

সভাপতি শমীক ভট্টাচার্য বলেন, তৃণমূল কংগ্রেস বুকাতে পেরেছে এসআইআর প্রক্রিয়া সম্পূর্ণ হলে তাদের কারচুপি প্রকাশ্যে চলে আসবে। তাই বিধায়ক, মন্ত্রী ও দলীয় নেতাদের মাধ্যমে হিয়ারিং প্রক্রিয়া বন্ধ করার অপচেষ্টা চলছে।

তিনি জানান, এসআইআর প্রক্রিয়া তৃণমূল কংগ্রেসের পরিকল্পিত বাধার সম্মুখীন হয়েছে। নির্বাচন কমিশনের বিশেষ পর্যবেক্ষক সি মুরগানের সঙ্গে রাজ্যের বিভিন্ন প্রান্তে যে আচরণ হচ্ছে শ্রী ভট্টাচার্য তার প্রতিবাদ জানান। তিনি বলেন, প্রশাসনকে আগাম জানানো সত্ত্বেও বিভিন্ন এলাকায় শুনানির নামে প্রহসন চলছে। শুনানির জন্য নির্ধারিত স্থানে কোথাও বসে আঁকো প্রতিযোগিতা আবার কোথাও শাসকদলের মদতে ঝোগান তুলে হিয়ারিং বন্ধ করার চেষ্টা করা হচ্ছে। এর মাধ্যমে সাধারণ মানুষকে ভয় দেখিয়ে এসআইআর প্রক্রিয়া ব্যাহত করার প্রচেষ্টা চলছে। এসআইআর সম্পূর্ণ না হলে রাজ্য সুস্থ নির্বাচন সম্ভব নয়। তাই নির্বাচন কমিশন এই প্রক্রিয়া শেষ করতে ব্যর্থ হলে তার সম্পূর্ণ দায় তৃণমূল কংগ্রেসকেই নিতে হবে বলে শ্রী ভট্টাচার্য স্পষ্ট জানিয়েছেন।

---

এদিকে, শুনানির সময় বিএলএ-দের উপস্থিতির দাবিতে তৃণমূল কংগ্রেসের এক প্রতিনিধি দল আজ রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের সঙ্গে দেখা করে। পরে সাংবাদিকদের মুখোমুখি হয়ে প্রতিনিধি দলের সদস্য পার্থ ভৌমিক বলেন, সব দলের বিএলএদের-ই শুনানি কেন্দ্রে থাকার দাবি জানাচ্ছেন তারা। দলে ছিলেন মন্ত্রী শশী পাঁজা, পুলক রায়, বিরবাহা হাঁসদা, সাংসদ বাপি হালদার।

---

বাংলার দুর্গোৎসবের শিল্প, সংস্কৃতি ও ঐতিহ্যকে বছরভর দেশ বিদেশের মানুষের সামনে তুলে ধরতে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি নিউটাউনে প্রস্তাবিত দুর্গাঙ্গণের আজ

শিলান্যাস করেছেন। বিভিন্ন ক্ষেত্রের বহু বিশিষ্ট মানুষের উপস্থিতিতে বর্ণময় উদ্বোধনী অনুষ্ঠানে তিনি জানান, দুর্গাপুজোকে ইউনেস্কোর বিমূর্ত সাংস্কৃতিক ঐতিহ্যের স্বীকৃতি দেওয়ার বিষয়টি স্মরণীয় করে রাখতে এই উদ্যোগ। দু'লক্ষ বর্গফুট এলাকায় তৈরি হতে চলা এই স্থায়ী দুর্গা মণ্ডপে এক লক্ষ লোক বসতে পারবেন। মুখ্যমন্ত্রী আরও জানান, দুর্গাঙ্গন নির্মাণে আনুমানিক খরচ ধরা হয়েছে প্রায় ২৬২ কোটি টাকা।

এদিকে শেষ মুহূর্তে নিউটাউনের প্রস্তাবিত দুর্গাঙ্গন প্রকল্পের স্থান পরিবর্তন নিয়ে রাজনৈতিক বিতর্ক দানা বেঁধেছে। প্রাথমিকভাবে নির্ধারিত জমি বদল এবং কাজ শুরুর পর হঠাতে সিদ্ধান্ত পরিবর্তন ঘিরে সরকারের পরিকল্পনা ও বাস্তবায়ন প্রক্রিয়া নিয়ে প্রশ্ন তুলেছেন বিরোধীরা।

ইকোপার্কের উল্টোদিকের জমির পরিবর্তে অ্যাকশন এরিয়া ওয়ানে নিউ টাউন বাস টার্মিনাসের বিপরীতে একটি জমিতে ওই প্রকল্প গড়ে তোলা হবে বলে স্থির হয়েছে। এপ্রসঙ্গে রাজ্যের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী অভিযোগ করেন একাংশের সংখ্যালঘু জমি মালিকদের আপত্তির জেরে একেবারে শেষমুহূর্তে জায়গা পরিবর্তন করা হয়েছে।

যুবভারতীতে লিয়োনেল মেসির অনুষ্ঠানে বিক্ষেপের সঙ্গে এই ঘটনাকে যুক্ত করে তীব্র কটাক্ষ করেছেন বিজেপির আই টি সেলের প্রধান অমিত মালব্য। নিজের এক্স হ্যান্ডেলে তিনি লেখেন তথাকথিত ‘দুর্গাঙ্গন’ প্রকল্প তোষণনীতি ও দ্বিচারিতার রাজনীতিরই চেনা ছক। এই প্রকল্প বাঙালি হিন্দুদের বিশ্বাস ও ধর্মীয় অনুভূতিকে উপহাস করছে এবং ভক্তিকে ভোটব্যাঙ্ক পরিণত করার কৌশল বলে তিনি দাবি করেন।

-----

রাষ্ট্রপতি দ্বৌপদী মুর্মু আজ ৰাঢ়খণ্ডের জামশেদপুরে সাঁওতালি ভাষার অলচিকি লিপির শতবর্ষ উদযাপন সমারোহে অংশগ্রহণ করেন। অনুষ্ঠানের সূচনায় রাষ্ট্রপতি অলচিকি লিপির স্মষ্টা পণ্ডিত রঘুনাথ মুর্মুর মূর্তিতে মাল্যদান করে তাঁর প্রতি শন্দা নিবেদন করেন। পরে, ২২-তম পার্সি-মহা সাঁওতালি সম্মেলনে রাষ্ট্রপতি অলচিকি লিপিতে সংবিধান প্রকাশের উদ্যোগকে স্বাগত জানান। তিনি বলেন, এই লিপিতে অনুবাদ ও কৃত্রিম মেধার প্রয়োগ করার উদ্যোগ নিতে হবে। রাষ্ট্রপতির ওয়েবসাইটেও অলচিকি লিপি ব্যবহার নিয়ে তিনি আশাবাদী বলে জানান। এই উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে শ্রীমতী মুর্মু সাঁওতালি ভাষার কবি-সাহিত্যিকদের সংবর্ধনা জ্ঞাপন করেন। অনুষ্ঠানে, ৰাঢ়খণ্ডের রাজ্যপাল সত্ত্বে কুমার গাঙ্গোয়ার এবং মুখ্যমন্ত্রী হেমন্ত সোৱেন উপস্থিত ছিলেন।

---

জোন বদলে স্কুল সার্ভিস কমিশনের পরীক্ষার ইন্টারভিউ নেওয়ার সিঙ্গল বেঞ্চের নির্দেশের ওপর অন্তর্ভুক্ত স্থগিতাদেশ দিয়েছে কলকাতা হাইকোর্টের অবকাশকালীন ডিভিশন বেঞ্চ। গত ১৯ ডিসেম্বর দক্ষিণ -পূর্ব জোনে শারীরিক অসুস্থতার জন্য ইন্টারভিউতে বসতে পারেননি নবম-দশমের প্রার্থী রিস্ক সেন। এরপর অন্য জোনে তার ইন্টারভিউ নেওয়ার জন্য এসএসসিকে নির্দেশ দেন বিচারপতি সৌগত ভট্টাচার্য। সেই রায়কে চ্যালেঞ্জ জানিয়ে ডিভিশন বেঞ্চে যায় এসএসসি। আজ বিচারপতি রবিকৃষ্ণান কাপুরের ডিভিশন বেঞ্চের মামলার শুনানিতে কমিশন জানায়, বিশেষ পরিস্থিতি দেখিয়ে জোন বদলে ইন্টারভিউ নেওয়ার নির্দেশ দেওয়া হলে অনেকেই সেই সুবিধা নিতে চাইবে। এর ফলে নিয়োগ প্রক্রিয়ায় বিরুদ্ধ প্রতাব পড়বে। ৫ জানুয়ারি আদালতের ছুটির পর নিয়মিত বেঞ্চে ফের এই মামলার শুনানি হবে।

২০২৫ এর শেষ লগ্নে এসে পৌঁছেছি আমরা। এবছর জাতীয় নিরাপত্তার প্রশ্নে ভারত বেশ কিছু গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত নিয়েছে। যে কোন মূল্যে দেশ তার সার্বভৌমত্ব রক্ষা করতে প্রস্তুত, বছরের শুরু থেকেই এই বার্তা দিয়েছে ভারত। একটি প্রতিবেদন –

(ভয়েসকাস্ট – কাশফিন)

রাজকোটের সৌরাষ্ট্র ক্রিকেট অ্যাসোসিয়েশন স্টেডিয়ামে আজ বিজয় হাজারে ট্রফি ক্রিকেটের ম্যাচে বাংলা ৬ উইকেটে চন্দীগড়কে হারিয়ে দিয়েছে। বাংলা টসে জিতে ফিল্ডিং করার সিদ্ধান্ত নেয়। চন্দীগড় প্রথমে ব্যাট করে ৪৮ ওভার ২ বলে ৩১৯ রানে অলআউট হয়ে যায়। অধিনায়ক মনন ভোহরা ১২২, সন্যম সাইনি ৬৭ রান করেন। বাংলার হয়ে মুকেশ কুমার পাঁচটি, মহম্মদ শামি তিনটি, শাহবাজ দুটি উইকেট নেন। রান তাড়া করতে নেমে বাংলা ৪ উইকেট হারিয়ে ৪৭ ওভার ৪ বলে লক্ষ্যে পৌঁছে যায়। অভিষেক পোড়েল ১০৬, অনুস্তপ মজুমদার ৬৩ রান করে। শাহবাজ আহমেদ ৭৬ রানে অপরাজিত থাকেন। মুকেশ কুমার ম্যাচের সেরা হয়েছেন। বাংলা ৩ ম্যাচে ৮ পয়েন্ট সংগ্রহ করে এলিট বি গ্রুপে পঞ্চম স্থানে রয়েছে। বাংলা বুধবার একই মাঠে পরবর্তী ম্যাচে জম্মু ও কাশ্মীরের বিরুদ্ধে খেলবে

সারাদিন কুয়াশা থাকায় এবং রোদ না হওয়ায় আজ একধাপে কলকাতার দিনের তাপমাত্রা অনেকটা হ্রাস পেয়েছে। এই মরশ্মে এই প্রথম দিনের তাপমাত্রা এতটা কমলো।

